গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাজেট শাখা
www.mos.gov.bd

বিষয়: "পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং" শীর্ষক স্কিমের নতুন অর্থায়ন ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি এবং আন্তঃখাত ব্যয় সমন্বয় প্রস্তাব সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ২১/০৪/২০২৪খ্রি: |
| সময় | : | ১২.০০ ঘটিকায় |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় অংশগ্রহণকারী ও Zoom Apps এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ স্কিমের সার্বিক চিত্র তুলে ধরে স্কিমের বিষয়ে বিস্তারিত উপস্থাপনের জন্য স্কিম পরিচালককে অনুরোধ জানান। এপরিপ্রেক্ষিতে "পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং" শীর্ষক স্কিম এর পরিচালক জনাব রাজিব ত্রিপুরা, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), পায়রা বন্দর কর্তৃপক্ষ Power Point এ স্কিমের সার্বিক তথ্যাদি উপস্থাপন করেন।

০২। আলোচ্য স্কিমটি ৬৫৩৫.২০ কোটি টাকা ( জিওবি হতে বৈদেশিক মুদ্রায় ঋণ ৫৪৩০.২৬ কোটি টাকা এবং জিওবি হতে স্থানীয় মুদ্রায় ঋণ ১,১০৪.৯৪ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে এবং মে ২০২১ হতে এপ্রিল ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত রয়েছে। ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং স্কিমটির উদ্দেশ্য হলো-পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলে জাহাজ চলাচল রুটের নাব্যতা বৃদ্ধি করা। চ্যানেলের নাব্যতা বৃদ্ধি পেলে -১০.৫ মিটার ড্রাফটের ৪০,০০০ ডেড ওয়েট টন (DWT) বহন ক্ষমতা সম্পন্ন জাহাজ বন্দরে প্রবেশ করতে পারবে। ফলে পায়রা বন্দরে পণ্য আমদানি/রপ্তানিতে গতিশীলতা বৃদ্ধি পাবে।

০৩। স্কিম পরিচালক সভায় জানান যে, গত ১৩/০৬/২০২১ তারিখে পায়রা বন্দর কর্তৃপক্ষ ও বেলজিয়ামের ঠিকাদারী প্রতিষ্ঠান Jan De Nul এর মধ্যে CCGP এর অনুমোদনক্রমে স্কিমের আওতায় সম্পাদিতব্য ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় সমাপ্য তিনটি ধাপের মধ্যে ১ম ধাপের মূলকাজ (ইঞ্জিনিয়ারিং ষ্টাডি) সম্পন্ন হয়েছে। প্রাপ্ত ষ্টাডি রিপোর্ট এবং চ্যানেল ডিজাইন পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক validation সমাপ্ত হয়েছে এবং কাজের আর্থিক অগ্রগতি ১০০% ও বাস্তব অগ্রগতি ১০০%। SP2 এর কাজ ০১ আগষ্ট ২০২২ হতে প্রাথমিক ভাবে শুরু হয়েছে। গত ২৬ মার্চ ২০২৩ তারিখে ঠিকাদার কর্তৃক চ্যানেলের Capital Dredging সম্পন্নের মাধ্যমে পায়রা বন্দরের কাছে হস্তান্তর করা হয়েছে। এছাড়া SP2 পর্যায়ে ৫৪.৮৭ মিলিয়ন ঘনমিটার ড্রেজিং সম্পন্ন হয়েছে। কাজের আর্থিক অগ্রগতি ১০০% ও বাস্তব অগ্রগতি ১০০%। SP3 পর্বের কার্যক্রম ২২ এপ্রিল, ২০২৩ থেকে শুরু হয়েছে এবং মার্চ, ২০২৪ পর্যন্ত ৫৪ মিলিয়ন ঘন মিটার রক্ষণাবেক্ষণ ড্রেজিং সম্পন্ন হয়েছে। কাজের আর্থিক অগ্রগতি ৮২.৯০% এবং বাস্তব অগ্রগতি ৯৯%। স্কিমের সুপারভিশন পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে CDR Int-Deltares-DevCon JV-এর সাথে ২৮ জুন, ২০২২

তারিখে চুক্তি স্বাক্ষর হয়েছে। SP1পর্বের রিপোর্ট পর্যালোচনা এবং চ্যানেল ডিজাইন validation-এর কাজ সমাপ্ত হয়েছে। SP2 পর্বের মনিটরিং ও সুপারভিশন সম্পন্ন হয়েছে এবং বর্তমানে SP3 পর্বের ড্রেজিং এর মনিটরিং এবং সার্ভে কার্যক্রম চলমান। এক্ষেত্রে কাজের বাস্তব অগ্রগতি ৯৫%। ব্যক্তি পরামর্শক হিসেবে বিশেষজ্ঞ হাইড্রোগ্রাফার নিয়োগ প্রদান করা হয়েছে। ১টি পাইলট ভেসেল ও ১টি সার্ভে ভেসেল নির্মাণের বিষয়ে খুলনা শীপইয়ার্ড লিঃ-এর সাথে গত ১২ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে চুক্তি স্বাক্ষর হয়েছে। ১ টি হপার ড্রেজার ক্রয়ের লক্ষ্যে টেন্ডার আহবান করে ২৮ মার্চ, ২০২৪ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়েছে। প্রাপ্ত দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া চলমান। ২০২৩-২৪ অর্থ বছরে মোট বরাদ্দ/ব্যয় জিওবি হতে স্থানীয় মুদ্রায় নন এডিপি (ঋণ) বরাদ্দ ৪৮১.০০ কোটি টাকা। চলতি অর্থ বছরে বৈদেশিক মূদ্রায় প্রদেয় বিল/ব্যয় আনুমানিক ২১৭৭.৩২ কোটি টাকা। সর্বমোট ২৬৫৮.৩২ কোটি টাকা। ২০২৩-২৪ অর্থ বছরে আর্থিক অগ্রগতি- ১,৫৯০.২৪ কোটি টাকা (৫৯.৮২%;, এর মধ্যে স্থানীয় মুদ্রা ৯৩.০১ কোটি টাকা (১৯.৩৪%), বৈদেশিক মুদ্রা ১,৪৯৭.২৩ কোটি টাকা (৬৮.৭৬%); বাস্তব ৮০%। স্কিমের সার্বিক অগ্রগতি (মার্চ, ২০২৪): ৫,৩৫৩.৯০কোটি টাকা (৮১.৯২%), (স্থানীয় মুদ্রা ৬০৩.৭২ কোটি টাকা (৫৪.৬৪%), বৈদেশিক মুদ্রা ৪,৭৫০.১৮ কোটি টাকা (৮৭.৪৮%);বাস্তব ৯০%)।

০৩। স্কিম পরিচালক সভায় আরও জানান যে, স্কিমের প্রধান অঙ্গ রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেন্যান্স ড্রেজিং কার্যক্রমের মধ্যে ক্যাপিটাল ড্রেজিং ইতোমধ্যে সফলভাবে সম্পন্ন হয়েছে এবং মেইনটেন্যান্স ড্রেজিং এর কার্যক্রম চলমান যা এপ্রিল, ২০২৪ এ সমাপ্ত হবে। তবে, স্কিমের আওতায় তিনটি সহায়ক জলযান (১টি হপার ড্রেজার, ১টি পাইলট ভেসেল ও ১টি সার্ভে ভেসেল) ক্রয় নির্ধারিত সময়ে সম্পন্ন হবে না। আলোচ্য স্কিমে ৪,০০০-৫,০০০ ঘন মিটার ক্যাপাসিটি সম্পন্ন ১টি হপার ড্রেজার ক্রয়ের জন্য বরাদ্দ আছে ৫৫৪ কোটি টাকা। এ বিষয়ে গত ০১ জুন, ২০২৩ তারিখে অনুষ্ঠিত পিএসসি সভায় রাবনাবাদ চ্যানেলের নিয়মিত রক্ষণাবেক্ষণের লক্ষ্যে প্রকৃত প্রয়োজনীয়তা বিবেচনায় শুধুমাত্র ১টি বড় হপার ড্রেজার-এর পরিবর্তে ৩,০০০-৩,৫০০ ঘন মিটার ক্যাপাসিটি সম্পন্ন ২টি হপার ড্রেজার ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ক্রয়তব্য সমুদ্রগামী হপার ড্রেজার বিশেষ ধরণের Trailing Suction Hopper Dredger (TSHD) বিধায় এর কারিগরী বিনির্দেশ রাবনাবাদ চ্যানেল রক্ষণাবেক্ষণের প্রকৃত প্রয়োজনীয়তার নিরিখে এবং চ্যানেলের চলমান বাস্তব ড্রেজিং অভিজ্ঞতার আলোকে প্রস্তুত করা হয়েছে। উল্লিখিত মাঝারি/বড় আকৃতির বিশেষায়িত হপার ড্রেজার বাংলাদেশের অন্য কোন সংস্থা কর্তৃক এ যাবত নির্মাণ/ক্রয় করা হয়নি। এছাড়া কোভিড পরবর্তী পরিস্থিতিতে কারিগরি বিনির্দেশ সম্পর্কিত বিষয়াদি নির্ধারণ কিছুটা সময়সাপেক্ষ ছিল। এছাড়া অর্থ বিভাগ কর্তৃক জলযান খাতে ব্যয় স্থগিত রাখার পরিপ্রেক্ষিতে আলোচ্য তিনটি জলযানের দরপত্র আহ্বান ও চুক্তি প্রক্রিয়াকরণে বিলম্ব হয়েছে। উল্লেখ্য, পাইলট ও সার্ভে ভেসেল নির্মাণের লক্ষ্যে খুলনা শিপইয়ার্ডের সাথে ইতোমধ্যে গত ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে চুক্তি স্বাক্ষর হয়েছে। হপার ড্রেজার এর দরপত্র ০৬ নভেম্বর, ২০২৩ তারিখে আহবানের পর হতে ঠিকাদারগণের অনুরোধের পরিপ্রেক্ষিতে ৪ বার মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং সর্বশেষ ২৮মার্চ, ২০২৪ তারিখে উন্মুক্ত করা হয়েছে। হপার ড্রেজারসহ উল্লিখিত জলযান নির্মাণ সম্পন্ন করতে স্কিমের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে মর্মে স্কিম পরিচালক সভায় উল্লেখ করেন।

০৪। এছাড়াও তিনি সভায় আরও জানান যে, বর্তমান ড্রেজিং কাজের ঠিকাদার Jan De Nul (JDN)-কে বৈদেশিক মুদ্রায় প্রদেয় বিলের বিপরীতে ভ্যাট ও ট্র্যাক্স এর জন্য স্কিমে স্থানীয় মুদ্রায় মোট বরাদ্দ রয়েছে ৭৪২.৫৩ কোটি টাকা (ফেব্রুয়ারি/২০২১ এ ইউরো মুদ্রায় বিনিময় হার ১০৩.৫২টাকা হিসেবে)। কিন্তু বর্তমানে স্থানীয় মুদ্রার বিপরীতে ইউরোর বিনিময়মূল্য ক্রমাগত বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ঠিকাদারের সর্বমোট ৪৭.৬১ কোটি টাকা ইউরো বিলের বিপরীতে বর্তমানে সম্ভাব্য ভ্যাট ও ট্যাক্স হয় ৮৫৫ কোটি টাকা। ঠিকাদারের বিল পরিশোধের সময় সরকারি কোষাগারে ভ্যাট ও ট্যাক্স প্রদান করা না হলে সোনালী ব্যংক কর্তৃক বিল প্রদান করা হচ্ছে না। ভ্যাট ও ট্যাক্স প্রদানের জন্য প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ পর্যাপ্ত না হওয়ায় বর্তমানে ঠিকাদারেরর পাওনা বিল প্রায় ২১ মিলিয়ন ইউরো অপরিশোধিত রয়েছে। বিল পরিশোধে বিলম্বের ফলে ঠিকাদার কর্তৃক অতিরিক্ত চার্জ আরোপ এড়ানোর লক্ষ্যে যথাশীঘ্র সম্ভব ভ্যাট ও ট্যাক্স এর জন্য প্রয়োজনীয় বাড়তি অর্থের সংস্থান করা প্রয়োজন। ইউরোর বিনিময় মূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে সম্পূর্ণ ভ্যাট ও ট্যাক্স প্রদান করার জন্য স্কিমের বর্তমান বরাদ্দের চেয়ে অতিরিক্ত আরো প্রায় ১১৩.০৪ কোটি টাকা প্রয়োজন হবে। এবিষয়ে অর্থ বিভাগের সাথে আলোচনায় জানা যায়

যে, BIDF এর অর্থায়নে গৃহীত এ স্কিমের আওতায় অতিরিক্ত আর কোন অর্থ বরাদ্দের সুযোগ নেই। এপরিপ্রেক্ষিতে স্কিমে বরাদ্দকৃত ভৌত ও প্রাইস কন্টিনজেন্সি খাতসহ প্রশাসনিক ও অন্যান্য খাতের অব্যয়িত অর্থ হতে আন্তঃখাত ব্যয় সমন্বয়ের মাধ্যমে ভ্যাট ও ট্যাক্সবাবদ ঘাটতির প্রয়োজনীয় অতিরিক্ত প্রায় ১১৩.০৪ কোটি টাকা সমন্বয় করা সম্ভব হবে। ফলে স্কিমের বর্তমান বরাদ্দের মধ্যেই ভ্যাট ও ট্যাক্স প্রদানপূর্বক ঠিকাদারেরর কাজের বিপরীতে পাওনা বিল পরিশোধ করা সম্ভব হবে।

০৫। স্কিমের আন্ত:অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন নিম্নরূপঃ

**মূল স্কিম এবং আন্তঃখাত ব্যয় সমন্বয়ের পার্থক্য**

লক্ষ টাকায়

| অর্থনৈতিক গ্রুপ/কোড | বিবরণ | মূল স্কিম প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রা) | প্রস্তাবিত আন্তঃখাত ব্যয় সমন্বয়ের প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রা) | প্রাক্কলিত ব্যয়ের পার্থক্য (আন্তঃখাত-মূল স্কিম) |
|---|---|---|---|---|
| ক) আবর্তক ব্যয় | | | | |
| | **কর্মকর্তাদের বেতন** | | | |
| ৩১১১১০১ | মূল বেতন (কর্মকর্তা) | ১৫৬.৮৬ | | (১৫৬.৮৬) |
| | **কর্মচারীদের বেতন** | - | | - |
| ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) | ১৩.৫৩ | | (১৩.৫৩) |
| | ভাতাদি | - | | - |
| ৩১১১৩০১ | দায়িত্ব ভাতা | ৪০.০০ | ৮০.০০ | ৪০.০০ |
| ৩১১১৩০২ | যাতায়াত ভাতা | ৩.০০ | | (৩.০০) |
| ৩১১১৩০৩ | দৈনিক ভাতা | ১.০০ | | (১.০০) |
| ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | ৩.২৪ | | (৩.২৪) |
| ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা | ৭০.৫৯ | | (৭০.৫৯) |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ৪.৮৬ | | (৪.৮৬) |
| ৩১১১৩১২ | টেলিফোন (মোবাইল) ভাতা | ৩.০০ | | (৩.০০) |
| ৩১১১৩১৪ | টিফিন ভাতা | ১.০০ | | (১.০০) |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ২৬.১৪ | | (২৬.১৪) |
| ৩১১১৩২৭ | ওভারটাইম ভাতা | ৪.০০ | | (৪.০০) |
| ৩১১১৩৩১ | আপ্যায়ন ভাতা | ৩.০০ | | (৩.০০) |
| ৩১১১৩৩৫ | নববর্ষ ভাতা | ২.৮৪ | | (২.৮৪) |
| ৩১১১৩৩৭ | ডিসটার্বেন্স ভাতা (সামরিক বাহিনীর সদস্যদের জন্য) | ২.০০ | | (২.০০) |
| ৩১১১৩৩৮ | অন্যান্য ভাতা (কর্মদক্ষতা, পোষাক, পিস টাইম এওয়ার্ড ইত্যাদি) | ৪.০০ | | (৪.০০) |
| ৩২৫৮১৪০ | মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয় (ভাতা) | ৭২.৪৯ | | (৭২.৪৯) |

| অর্থনৈতিক গ্রুপ/কোড | বিবরণ | মূল স্কিম প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রা) | প্রস্তাবিত আন্তঃখাত ব্যয় সমন্বয়ের প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রা) | প্রাক্কলিত ব্যয়ের পার্থক্য (আন্তঃখাত-মূল স্কিম) |
|---|---|---|---|---|
| | **উপ-মোট (বেতন ও ভাতাদি)** | **৪১১.৫৬** | **৮০.০০** | **(৩৩১.৫৬)** |
| | **প্রশাসনিক ব্যয়** | | | - |
| ৩২১১১০২ | পরিষ্কার-পরিচ্ছন্নতা | ৭.০০ | | (৭.০০) |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | ১০.০০ | ১৮.০০ | ৮.০০ |
| ৩২১১১০৭ | **হায়ারিং চার্জ (গাড়ি ভাড়া)** | | | - |
| ৩২১১১০৭ | মাইক্রোবাস ২টি (জ্বালানী, ড্রাইভার, ভ্যাট (১৫%) এবং ট্যাক্সসহ (৩%)) | ১০৪.০০ | ১৯০.০০ | ৮৬.০০ |
| ৩২১১১০৭ | ৪ চাকা চালিত ডাবল কেবিন পিকআপ (ক্যারিবয়সহ) ২টি (জ্বালানী, ড্রাইভার, ভ্যাট (১৫%) এবং ট্যাক্সসহ (৩%)) | ১২৮.০০ | ২৩০.০০ | ১০২.০০ |
| ৩২১১১০৭ | ৪ চাকা চালিত জিপ (জ্বালানী, ড্রাইভার, ভ্যাট (১৫%) এবং ট্যাক্সসহ (৩%)) | ৮০.০০ | ১৪০.০০ | ৬০.০০ |
| ৩২১১১১০ | আইন সংক্রান্ত ব্যয় | ৩০.০০ | ২০.০০ | (১০.০০) |
| ৩২১১১১৭ | ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স | ৫.০০ | ২.০০ | (৩.০০) |
| ৩২১১১১৯ | ডাক/কুরিয়ার | ৫.০০ | | (৫.০০) |
| ৩২১১১২০ | টেলিফোন/মোবাইল | ৫.০০ | | (৫.০০) |
| ৩২১১১২৫ | প্রচারণা বিজ্ঞাপন | ১৫.০০ | ৩৫.০০ | ২০.০০ |
| ৩২১১১২৬ | অডিও/ভিডিও | ৫০.০০ | ৩৫.০০ | (১৫.০০) |
| | **উপ-মোট (প্রশাসনিক ব্যয়)** | **৪৩৯.০০** | **৬৭০.০০** | **২৩১.০০** |
| | **ফি, চার্জ ও কমিশন** | | | - |
| ৩২২১১০৪ | রেজিস্ট্রেশন ফি | ১০.০০ | | (১০.০০) |
| ৩২২১১০৯ | ব্যবস্থাপনা চার্জ (আউটসোর্সিং) | ১৪০.৫৬ | ৮০.১৮ | (৬০.৩৮) |
| | **উপ-মোট (ফি, চার্জ ও কমিশন)** | **১৫০.৫৬** | **৮০.১৮** | **(৭০.৩৮)** |
| | **প্রশিক্ষণ** | | | - |
| ৩২৩১১০১ | বৈদেশিক প্রশিক্ষণ | ২৮৬.৬০ | ২৮৬.৬০ | - |
| ৩২৩১২০১ | স্থানীয় প্রশিক্ষণ | ১৩.৪০ | ১৩.৪০ | - |
| | **উপ-মোট (প্রশিক্ষণ)** | **৩০০.০০** | **৩০০.০০** | **-** |
| | **ভ্রমণ ব্যয়** | | | - |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় | ৭০.০০ | ৫০.০০ | (২০.০০) |
| | **উপ-মোট (ভ্রমণ ব্যয় )** | **৭০.০০** | **৫০.০০** | **(২০.০০)** |
| | **মুদ্রণ এবং স্টেশনারি** | | | - |
| ৩২৫৫১০১ | কম্পিউটার সামগ্রী | ১০.০০ | ২৫.০০ | ১৫.০০ |

| অর্থনৈতিক গ্রুপ/কোড | বিবরণ | মূল স্কিম প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রা) | প্রস্তাবিত আন্তঃখাত ব্যয় সমন্বয়ের প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রা) | প্রাক্কলিত ব্যয়ের পার্থক্য (আন্তঃখাত-মূল স্কিম) |
|---|---|---|---|---|
| ৩২৫৫১০২ | মুদ্রণ এবং বাঁধাই | ২০.০০ | ২০.০০ | - |
| ৩২৫৫১০৪ | স্ট্যাম্প ও সিল | ৩.০০ | ৩.০০ | - |
| ৩২৫৫১০৫ | অন্যান্য স্টেশনারী | ২০.০০ | ২০.০০ | - |
| | **উপ-মোট (মুদ্রণ এবং স্টেশনারি )** | **৫৩.০০** | **৬৮.০০** | **১৫.০০** |
| | **পেশাগত সেবা** | | | - |
| ৩২৫৭১০১ | কনসালটেন্সি ফি (ব্যক্তি পরামর্শক) | ১৪৫.০০ | ১৪৫.০০ | - |
| ৩২৫৭১০১ | সুপারভিশন কনসালটেন্সি ফি | ১,১৯২.৫৩ | ১,২৫০.০০ | ৫৭.৪৭ |
| ৩২৫৭১০১ | Employment of Clasification Society for Marine Craft | ২০০.০০ | ২০০.০০ | - |
| ৩২৫৭২০৬ | সম্মানি/পারিতোষিক | ১০০.০০ | ৫০.০০ | (৫০.০০) |
| ৩২৫৭৩০১ | উৎসব/অনুষ্ঠান | ২০০.০০ | ১৬৬.০০ | (৩৪.০০) |
| | **উপ-মোট (পেশাগত সেবা )** | **১,৮৩৭.৫৩** | **১,৮১১.০০** | **(২৬.৫৩)** |
| | **মেরামত ও রক্ষণাবেক্ষণ** | | | - |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | ৩.০০ | ৩.০০ | - |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার সরঞ্জাম | ৩.০০ | ৩.০০ | - |
| ৩২৫৮১০৪ | অফিস সরঞ্জাম | ৩.০০ | ৩.০০ | - |
| | **উপ-মোট (মেরামত ও রক্ষণাবেক্ষণ )** | **৯.০০** | | |
| | **ক) মোট (আবর্তক ব্যয়):** | **৩,২৭০.৬৫** | **৩,০৫৯.১৮** | **(২০২.৪৭)** |
| | **খ) মূলধন ব্যয়** | | | |
| ৪১১১৩০৭ | ঠিকাদারে বিলের বিপরীতে অতিরিক্ত ভ্যাট ও ট্যাক্স | ৭৪,২৫৩.০৩ | ৮৫,৫০০.০০ | ১১,২৪৬.৯৭ |
| | **উপ-মোট (ঠিকাদারে বিলের বিপরীতে অতিরিক্ত ভ্যাট ও ট্যাক্স)** | **৭৪,২৫৩.০৩** | **৮৫,৫০০.০০** | **১১,২৪৬.৯৭** |
| ৪১১২১০২ | **জলযান** | | | |
| | হপার ড্রেজারের CD, VAT, AIT বাবদ | ১১,৯৫৬.৫৬ | ১১,৯৫৬.৫৬ | - |
| | পাইলট ভেসেল (VAT ৫% এবং Tax ৫% সহ) | ৪,৪০০.০০ | ৪,৪০০.০০ | - |
| | সার্ভে ভেসেল (VAT ৫% এবং Tax ৫% সহ) | ৫,৫০০.০০ | ৫,৫০০.০০ | - |
| | **উপ-মোট (জলযান)** | **২১,৮৫৬.৫৬** | **২১,৮৫৬.৫৬** | **-** |
| - | **অফিস সরঞ্জামাদি (যানবাহন বাদে)** | | | - |

| অর্থনৈতিক গ্রুপ/কোড | বিবরণ | মূল স্কিম প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রা) | প্রস্তাবিত আন্তঃখাত ব্যয় সমন্বয়ের প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রা) | প্রাক্কলিত ব্যয়ের পার্থক্য (আন্তঃখাত-মূল স্কিম) |
|---|---|---|---|---|
| ৪১১২২০২ | কম্পিউটার (মনিটর এবং ইউপিএস) | ১২.০০ | ১২.০০ | - |
| | ল্যাপটপ | ৫.০০ | ৫.০০ | - |
| | হার্ড ডিস্ক (SSD-২TB) | ১.০০ | ১.০০ | - |
| | লেজার প্রিন্টার | ৩.৫০ | ৩.৫০ | - |
| | স্ক্যানার (এডিএফসহ) | ১.২০ | ১.২০ | - |
| ৪১১২২০৪ | টেলিকমিউনিকেশন সরঞ্জাম (ওয়াকিটকি ও অন্যান্য) | ৩.০০ | ৩.০০ | - |
| ৪১১২৩০৩ | এয়ার কন্ডিশনার | ১২.০০ | ১২.০০ | - |
| | মাল্টিমিডিয়া প্রজেক্টর (ডিসপ্লে স্ক্রিনসহ) | ২.৪০ | ২.৪০ | - |
| | এলইডি টিভি | ১.৬০ | ১.৬০ | - |
| | ফটোকপি মেশিন | ৭.৫০ | ৭.৫০ | - |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | ২০.০০ | ২০.০০ | - |
| **উপ-মোট (অফিস সরঞ্জামাদি (যানবাহন বাদে))** | | **৬৯.২০** | **৬৯.২০** | - |
| ৪৯১১১১২ | ভৌত কন্টিনজেন্সি | ৪,০৪৪.৫০ | | (৪,০৪৪.৫০) |
| ৪৯১১১১২ | প্রাইস কন্টিনজেন্সি | ৭,০০০.০০ | | (৭,০০০.০০) |
| **উপ-মোট (কন্টিনজেন্সি)** | | **১১,০৪৪.৫০** | - | **(১১,০৪৪.৫০)** |
| **খ) মোট (মূলধন ব্যয়):** | | **১০৭,২২৩.২৯** | **১০৭,৪২৫.৭৬** | **২০২.৪৭** |
| **সর্বমোট= (ক+খ):** | | **১১০,৪৯৩.৯৪** | **১১০,৪৮৪.৯৪** | **(০.০০)** |

০৬। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ সভায় জানান যে, আলোচ্য স্কিমের আওতায় তিনটি সহায়ক জলযান (১টি হপার ড্রেজার, ১টি পাইলট ভেসেল ও ১টি সার্ভে ভেসেল) সংগ্রহের জন্য ইতোমধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। তবে উল্লিখিত সহায়ক জলযানসমূহ সংগ্রহের জন্য স্কিমের মেয়াদ ০২ বছর বৃদ্ধির প্রয়োজন রয়েছে। এছাড়া স্কিমের আওতায় ভ্যাট – ট্যাক্স ও প্রশাসনিক কাজের ব্যয় নির্বাহের জন্য প্রাইস কন্টিনজেন্সি ও ফিজিক্যাল কন্টিজেন্সি এবং অন্যান্য অঙ্গের সাথে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রয়োজন রয়েছে। এক্ষেত্রে স্কিমের মোট প্রাক্কলিত ব্যয় অপরিবর্তিত থাকবে এবং স্কিমের আওতায় ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং এপ্রিল ২০২৪ এর মধ্যে সমাপ্ত হবে। স্কিমের বর্ধিত ০২ বছর মেয়াদে কোন প্রকার ড্রেজিং কার্যক্রম চলমান থাকবে না মর্মে তিনি সভায় আরও উল্লেখ করেন। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ সভায় আরও জানান যে, পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্যে এবং চলমান স্কিমের সুফল পাওয়ার লক্ষ্যে মেইনটেনেন্স ড্রেজিং অব্যাহত রাখা প্রয়োজন। এ লক্ষ্যে অর্থ বিভাগের সাথে আলোচনাক্রমে জিওবি ঋণে নতুন স্কিমের রূপরেখা প্রণয়ন করা হয়েছে। এ পর্যায়ে পূর্বের ঠিকাদারী প্রতিষ্ঠান ও কনসাল্টিং ফার্মের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে নতুন স্কিমের আওতায় মেইনটেনেন্স ড্রেজিং ও ০১টি হপার ড্রেজার ক্রয় করা হবে। এক্ষেত্রে জিওবি হতে ঋণ ৫,১৮৭.৯০ কোটি টাকা (ঠিকাদারের ড্রেজিং বিল, আন্তর্জাতিক পরামর্শক ও ১টি হপার ড্রেজার ক্রয়ের জন্য ঋণ ৪,৩৭০.০০ কোটি টাকা, ৩৪.৯৬ কোটি ইউরো সমমূল্যের এবং জিওবি হতে ভ্যাট ও ট্যাক্স এবং অন্যান্য ব্যয়ের জন্য ঋণ ৮১৭.৯০ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে ০১ মে, ২০২৪ হতে ৩০ এপ্রিল, ২০২৬ মেয়াদে বাস্তবায়নের জন্য "পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ড্রেজিং" কর্মসূচির আওতায় "পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের রক্ষণাবেক্ষণ ড্রেজিং" শীর্ষক নতুন স্কিমের প্রস্তাব করা হয়েছে। নতুন স্কিমের উদ্দেশ্য হলো চলমান "পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের

ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং” শীর্ষক স্কিমের আওতায় ক্যাপিটাল ও রক্ষণাবেক্ষণ সমাপ্তের মাধ্যমে চ্যানেলের নাব্যতা বৃদ্ধি করে ১০.৫ মিটার ড্রাফট এবং ৪০,০০০ ডেডওয়েট টন (DWT) বহন ক্ষমতা সম্পন্ন PANAMAX আকৃতির বাণিজ্যিক জাহাজ আগমন নিরবিচ্ছিন্ন রাখা। উল্লেখ্য, ইতোমধ্যে রাবনাবাদ চ্যানেলের মাধ্যমে স্থানীয় তাপ বিদ্যুৎ কেন্দ্রের কয়লাসহ অন্যান্য পণ্য আমদানি/রপ্তানি বৃদ্ধি পেয়েছে যা দক্ষিণাঞ্চল তথা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলতে শুরু করেছে। বর্ণিত সাফল্যের পূর্ণ ধারাহিকতা বজায় রাখার জন্য চলমান রক্ষণাবেক্ষণ ড্রেজিং এপ্রিল ২০২৬ পর্যন্ত ধরে রাখাই স্কিমের মূল উদ্দেশ্য। নতুন স্কিমের আওতায় রাবনাবাদ আউটার ও ইনার চ্যানেলের বাৎসরিক ৫৪.৮ মিলিয়ন ঘন মিটার হারে ২ বছরে মোট ১০৯.৬ মিলিয়ন ঘনমিটার রক্ষণাবেক্ষণ ড্রেজিং এবং ১টি হপার ড্রেজার ক্রয় করা হবে। তিনি সভায় আরও জানান যে, চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্য নতুন স্কিম অনুমোদনের পূর্ব পর্যন্ত মধ্যবর্তী সময়ে ড্রেজিং কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন।

০৭। ড. আব্দুর রহিম, যুগ্মসচিব, অর্থ বিভাগ সভায় জানান যে, “পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং” শীর্ষক স্কিমটির মেয়াদ এপ্রিল, ২০২৪ এ সমাপ্ত হবে। প্রকল্পের আওতায় সংরক্ষণ ড্রেজিং এর কার্যক্রম শেষ হয়েছে। স্কিমের আওতায় ১টি হপার ড্রেজার ও ০১ পাইলট ভেসেল ও ০১টি সার্ভে ভেসেল নির্মাণ/সংগ্রহের কার্যক্রম চলমান আছে। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে চলমান স্কিমের মেয়াদ ২ বছর বৃদ্ধির প্রস্তাব যৌক্তিক এবং স্কিমের আন্ত:অঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাবটিও বিবেচনার যোগ্য। এক্ষেত্রে অর্থ বিভাগের নির্ধারিত কমিটি কর্তৃক বিষয়টি অনুমোদনযোগ্য। তাছাড়া চলমান স্কিমের আওতায় সম্পন্নকৃত সংরক্ষণ ড্রেজিং কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার মাধ্যমে চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্য নতুন স্কিমের প্রস্তাব যৌক্তিক। তবে ড্রেজিং এর রেট সিডিউল থাকলে সে হিসেবে ড্রেজিং এর দর নির্ধারণ করা যেতে পারে। এছাড়া নতুন স্কিমের NPV, BCR যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।

০৮। সভাপতি সভায় জানান যে, পায়রা বন্দর স্বাধীন বাংলাদেশের নির্মিত প্রথম বন্দর। এটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প এবং বন্দরের প্রকল্পসমূহ ফাস্ট ট্যাকভুক্ত প্রকল্প। পায়রা বন্দরের নাব্যতা রক্ষার্থে “পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং” শীর্ষক স্কিমটি খুবই গুরুত্বপূর্ণ। স্কিমের আওতায় সংরক্ষণ ড্রেজিং কাজ শেষ হয়েছে। তবে স্কিমের আওতায় ১টি পাইলট ভেসেল, ০১টি সার্ভে ভেসেল ও ১টি হপার ড্রেজার ক্রয়ের কার্যক্রম চলমান আছে। চলমান স্কিমের ডিপিপিতে বর্ণিত সহায়ক জলযান সংগ্রহের জন্য ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব যৌক্তিকতাসহ উল্লেখ করতে হবে। এছাড়া স্কিমের ভ্যাট/ট্যাক্স খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন যা স্কিমের অন্য অঙ্গের সাথে সমন্বয় করে সংস্থান করতে হবে। এক্ষেত্রে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন যথাযথভাবে উল্লেখ করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। উক্ত প্রস্তাবে ড্রেজিং অংশের কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত হবে এবং আর ব্যয় বাড়বে না মর্মে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়া নতুন স্কিমের ক্ষেত্রে পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি, মোংলা বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধির সমন্বয়ে কমিটি করে ড্রেজিং এর প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করতে হবে এবং NPV, BCR যৌক্তিকিকরণ করতে হবে। নতুন স্কিমের আওতায় ড্রেজিং কার্যক্রম দ্রুত শুরু করার লক্ষ্যে এবং ব্যয় সাশ্রয়ী করার জন্য পুর্বের ঠিকাদারী প্রতিষ্ঠান এবং পরামশর্ক প্রতিষ্ঠানের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে ড্রেজিং কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পিপিআর ২০০৮ অনুসারে CCEA এর অনুমোদন গ্রহণ করতে হবে। এছাড়া চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্য নতুন স্কিম অনুমোদনের পূর্ব পর্যন্ত মধ্যবর্তী সময়ে ড্রেজিং কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে পায়রা বন্দর কর্তৃপক্ষ নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

০৯। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়ঃ

৯.১) চলমান স্কিমের আওতায় ডিপিপিতে বর্ণিত সহায়ক জলযানসমুহের (হপার ড্রেজার, সার্ভে ভেসেল ও পাইলট ভেসেল) ক্রয় কার্যক্রম চলমান রয়েছে বিধায় উক্ত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে নতুন অর্থায়ন ব্যতিরেকে ও মোট ব্যয় অপরিবর্তিত রেখে আলোচ্য স্কিমের মেয়াদ ২ বছর বৃদ্ধির সুপারিশ করা হলো;

৯.২) আলোচ্য স্কিমের ক্ষেত্রে স্থানীয় মুদ্রার বিপরীতে ইউরোর বিনিময় মূল্য ক্রমাগত বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ঠিকাদারকে বৈদেশিক মুদ্রায় প্রদেয় বিলের বিপরীতে অতিরিক্ত ভ্যাট ও ট্যাক্স এবং অন্যান্য অঙ্গের ব্যয় স্কিমে বরাদ্দকৃত ভৌত ও প্রাইস কন্টিনজেন্সি খাতসহ প্রশাসনিক ও অন্যান্য খাতের অব্যয়িত অর্থ হতে প্রস্তাবিত আন্ত:খাত সমন্বয়ের সুপারিশ করা হলো;

৯.৩) চলমান স্কিমের অন্যতম প্রধান অঙ্গ রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং কার্যক্রম যার মধ্যে ক্যাপিটাল ড্রেজিং ইতোমধ্যে সফলভাবে সমাপ্ত হয়েছে এবং মেইনটেনেন্স ড্রেজিং এপ্রিল ২০২৪-এ আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে;

৯.৪) উল্লিখিত ৯.১, ৯.২ ও ৯.৩ সিদ্ধান্তসমূহ প্রতিপালনপূর্বক চলমান স্কিমের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব এবং আন্ত:অঙ্গ ব্যয় সমন্বয়ের স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের লক্ষ্যে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৯.৫) পায়রা বন্দর স্বাধীন বাংলাদেশে নির্মিত প্রথম বন্দর এবং মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারভিত্তিক ফাস্টট্যাকভুক্ত প্রকল্প বিধায় আলোচ্য স্কিমের গুরুত্ব পটভূমিতে যথাযথভাবে উল্লেখ করতে হবে;

৯.৬) নতুন স্কিমের ড্রেজিং এর প্রাক্কলিত ব্যয় যৌক্তিকিকরণ করতে হবে এবং এক্ষেত্রে পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি, মোংলা বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধির সমন্বয়ে কমিটি করে ড্রেজিং এর প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করতে হবে;

৯.৭) নতুন স্কিমের ক্ষেত্রে NPV, BCR যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে;

৯.৮) রাবনাবাদ চ্যানেলের নাব্যতা বজায় রাখার লক্ষ্যে নতুন স্কিম অনুমোদনের পাশাপাশি "রাবনাবাদ চ্যানেলের রক্ষণাবেক্ষণ ড্রেজিং" শীর্ষক স্কিমের ড্রেজিং কার্যক্রম বর্তমানে কার্যরত ঠিকাদারী প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় (DPM) এর মাধ্যমে করার লক্ষ্যে CCEA এর অনুমোদন গ্রহণ করতে হবে।

৯.৯) উল্লিখিত ৯.৫, ৯.৬, ৯.৭, ৯.৮ এর শর্ত প্রতিপালনপূর্বক নতুন স্কিমের প্রস্তাব অনুমোদনের সুপারিশ করা হলো;

৯.১০) উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে নতুন স্কিমের স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৯.১১) চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্য নতুন স্কিম অনুমোদনের পূর্ব পর্যন্ত মধ্যবর্তী সময়ে ড্রেজিং কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২৩/০৪/২০২৪
মোঃ মোস্তফা কামাল
সিনিয়র সচিব

নং-১৮.০০.০০০০.০১২.২০.০৭১.২৪- তারিখঃ ২৪ এপ্রিল ২০২৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ বা/এ, মতিঝিল, ঢাকা।
৩। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৪। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, বাংলামোটর ঢাকা।
৫। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, মিলেনিয়াম টাওয়ার, কাকরাইল, ঢাকা।
৬। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ১১৬, নয়া পল্টন, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, কাওরান বাজার, ঢাকা।

৮। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

৯। যুগ্মসচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। যুগ্মসচিব (পরিকল্পনা), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। যুগ্মসচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

১৩। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, পাবনা ও রংপুর।

১৪। উপসচিব (বাজেট-১৭ অধিশাখা) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। উপসচিব (পরিকল্পনা-২) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬। চীফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, নৌপরিবহন মন্ত্রণালয়, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, ২২ পুরানা পল্টন, ঢাকা।

১৭। সহকারী প্রধান/সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন, আগারগাঁও ঢাকা।

১৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।

১৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, ডাকঘর বন্দর, চট্টগ্রাম।

২০। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

28.08.28

মোঃ আবুসাঈদ
উপসচিব
ফোন : ৫৫১০০৬৯৮
মেইল:ds.gg@mos.gov.bd